



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১৭২

তারিখ: ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা ২০১৮, এর আলোকে সদ্য সরকারিকৃত সরদহ সরকারি মহাবিদ্যালয়, চারঘাট, রাজশাহী-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ (মূলপদ: প্রভাষক, নন-ক্যাডার) জনাব মোঃ সামসুল হক অবসরজনিত কারণে ৩১-১২-২০২৩ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের জ্যেষ্ঠ শিক্ষক মার্কেটিং বিষয়ের প্রভাষক (নন-ক্যাডার) জনাব মোহাম্মদ আব্দুল মতিন (ইনডেক্স-৪০২১১৯) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক কলেজের শিক্ষক-কর্মচারীদের এডহক নিয়োগ ও যোগদান প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে জনাব মোহাম্মদ আব্দুল মতিন (ইনডেক্স-৪০২১১৯)-কে প্রশাসনিক এবং সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শর্ত মোতাবেক সাময়িকভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৭-০২-২০২৪  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক  
ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১৭২/১ (১১)

তারিখ: ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ৪। জেলা প্রশাসক -----;
- ৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৮। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৯। জনাব মোহাম্মদ আব্দুল মতিন (ইনডেক্স-৪০২১১৯), সরদহ সরকারি মহাবিদ্যালয়, চারঘাট, রাজশাহী;
- ১০। ব্যাংক ম্যানেজার ----- এবং

১১। সংরক্ষণ নথি।



*Famir*

০৭-০২-২০২৪

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক